

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
www.cabinet.gov.bd

বিষয়: সামাজিক নিরাপত্তা আইন-২০১৯ এর খসড়া প্রণয়ন বিষয়ক সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সভার রেকর্ডনোটস।

সভাপতি : ড. শামসুল আরেফিন, সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ  
সভারি তারিখ : ৩০ এপ্রিল ২০১৯  
সময় : বেলা ০৯:৩০ ঘটিকা  
সভার স্থান : সম্মেলন কক্ষ (১০০৫), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহণ পুল ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক সংযুক্ত।

১) সামাজিক নিরাপত্তা আইন-২০১৯ এর খসড়া প্রণয়ন বিষয়ক সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সভার সম্মানিত সভাপতি, মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার ড. শামসুল আরেফিন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন, সামাজিক নিরাপত্তা কার্যক্রম সরকারের কয়েকটি অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগের মধ্যে অন্যতম। দেশে বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এক্ষেত্রে সামাজিক নিরাপত্তা বাস্তবায়ন কর্মসূচিকে শক্তিশালীকরণে একটি সামাজিক নিরাপত্তা আইন অত্যন্ত জরুরী।

২) তিনি বলেন সামাজিক নিরাপত্তা কার্যক্রমে বেশ কিছু সংস্কার কার্যক্রম গৃহীত হয়েছে। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সম্মিলিত প্রচেষ্টায় আমরা ২০১৮ সালে সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছি। সামাজিক নিরাপত্তা কর্মসূচিকে অধিকতর শক্তিশালী এবং এক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করতে মন্ত্রিপরিষদ বিভাগ একটি খসড়া সামাজিক নিরাপত্তা আইন প্রণয়ন করেছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এবং বিভাগের পরামর্শ এবং ফিডব্যাক প্রয়োজন যা আইনটি বাস্তবায়ন করতে কার্যকরি ভূমিকা পালন করবে।

৩) অতপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী জনাব মোহাম্মদ খালেদ হাসান, সামাজিক নিরাপত্তা বিশেষজ্ঞ, (উপসচিব)-কে জাতীয় সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯ এর খসড়া সংক্রান্ত প্রেজেন্টেশনটি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। এ পরিপ্রেক্ষিতে জনাব খালেদ হাসান পর্যায়ক্রমে সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯ এর খসড়া উপস্থাপন করেন।

৪) জনাব মোহাম্মদ খালেদ হাসান জাতীয় সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯ এর খসড়াটি প্রেজেন্টেশনের মাধ্যমে কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ফোকাল পয়েন্টগণের সভায় উপস্থাপন করেন। তিনি বলেন জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহের দায়িত্ব সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট করাই এ জাতীয় সামাজিক নিরাপত্তা আইনের মূল উদ্দেশ্য। আইনটি বাংলাদেশের সংবিধান, এবং সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে প্রণয়ন করা হয়েছে।

৫) তিনি আইনটির শিরোনাম সম্পর্কে বলেন এই আইন জাতীয় সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯ (National Social Security Act, 2019) নামে অভিহিত হবে। এবং আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যা কিছুই থাকুক না কেন, এই আইনে বর্ণিত বিধানাবলি প্রযোজ্য ক্ষেত্রে প্রাধান্য পাবে। তিনি আইনটির বিষয়বস্তু সম্পর্কে বলেন এই আইনে যা যা আলোকপাত করা হয়েছে তা হলো সূচিপত্র, সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন, সংজ্ঞা, জাতীয় সামাজিক নিরাপত্তা পরিষদ, কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি, সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্ট, ফোকাল পয়েন্ট সমন্বয় কমিটি, বার্ষিক প্রতিবেদন, বিষয় ভিত্তিক ক্লাস্টার, সামাজিক ভাতা ক্লাস্টার, সামাজিক বিমা ক্লাস্টার, সামাজিক বিমা কর্তৃপক্ষ, খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার, শ্রম ও জীবিকায়ন ক্লাস্টার, মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টার।

৬) সভাপতি সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন কমিটি সম্পর্কে জানতে চাইলে জানাব খালেদ জানান সামাজিক নিরাপত্তা আইন-২০১৯ এর খসড়ায় যে সকল কমিটির কথা বলা হয়েছে তা হল বিভাগীয় ব্যবস্থাপনা কমিটি, জেলা ব্যবস্থাপনা কমিটি, উপজেলা ব্যবস্থাপনা কমিটি, এনজিও সমন্বয় কমিটি। এছাড়া সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে আইনটিতে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন, সামাজিক নিরাপত্তা সুবিধা প্রাপ্তির যোগ্যতা, সুবিধাভোগীর তথ্য নিরাপত্তা, সামাজিক নিরাপত্তায় উদ্ভাবন, সামাজিক নিরাপত্তার আবেদন, সুবিধা প্রাপ্তির আবেদন, স্থানীয় তহবিল গঠন, পুরস্কার, দণ্ড, মোবাইল কোর্টে বিচার, আপিল, বিবিধ, তফসিল বিষয়ে আলোকপাত করা হয়েছে।

৭) এ সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ তাঁদের মন্ত্রণালয়/বিভাগের অন্যান্য আইন এবং প্রস্তাবিত আইনের বিষয়ে তাঁদের সন্তুষ্টি সম্পর্কে সভায় অবহিত করেন এবং সাধারণ আলোচনায় অংশগ্রহণ করেন।

১২) সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

- ১। সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ তাঁদের স্ব স্ব আইনসমূহের সাথে প্রস্তাবিত সামাজিক নিরাপত্তা আইন- ২০১৯-এর বাস্তবতা, প্রায়োগিকতা এবং উৎকৃষ্টতা সাধনের নিমিত্ত তাঁদের বিদ্যমান নীতিমালা, আইন, এবং অন্যান্য সকল আইনী বিষয়গুলি পরিবীক্ষণ করবে;
- ২। সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯ সংক্রান্ত উপস্থাপিত খসড়াটি মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের অবগতি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রেরণ করবে;
- ৩। জাতীয় সামাজিক নিরাপত্তা আইন, ২০১৯-এর খসড়া প্রণয়ন সংক্রান্ত সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্টগণের সুচিন্তিত মতামত আগামী ৭ মে ২০১৯-এর মধ্যে ইমেইলে অথবা বিশেষ বাহক মারফত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অনুরোধ জানানো হয়।

১৩) পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।